



## পদ পরিবর্তন

সঠিক উত্তরটি নির্বাচন কর ঃ-

- ১। রাজকুমার সিদ্ধার্থ বৈশালী নগরে গিয়ে পৌঁছালেন। 'নগর' শব্দের পদ পরিবর্তন হল —  
(ক) নাগর (খ) নাগরিক  
(গ) নাগরিকস্ব (ঘ) কোনটি নয়
- ২। আজ আমার শরীর বিশেষ ভাল নেই। - 'শরীর' শব্দের পদ পরিবর্তন হল —  
(ক) শারীরিক (খ) দেহ  
(গ) শারীর (ঘ) কোনটি নয়
- ৩। আজ আমাদের পরীক্ষা শেষ হল। - 'পরীক্ষা' শব্দের পদ পরিবর্তন কি হবে?  
(ক) পরীক্ষণীয় (খ) পরিক্ষিত  
(গ) পরীক্ষার্থী (ঘ) পরীক্ষিত
- ৪। মোঘল সাম্রাজ্যের ইতিহাস দীর্ঘতম। 'ইতিহাস' শব্দের পদ পরিবর্তন কি হবে?  
(ক) ইতিহাসিক (খ) ইতিহাসকীয়  
(গ) ঐতিহাসিক (ঘ) কোনটি নয়
- ৫। রমেনবাবুর মেয়ে খুব শান্ত স্বভাবের। - 'মেয়ে' শব্দের পদ পরিবর্তন হল —  
(ক) মেয়েপনা (খ) মেয়েলি  
(গ) মেয়েলিপনা (ঘ) কোনটি নয়
- ৬। সবসময় ন্যায় পথে চলা উচিত। - 'ন্যায়' শব্দটির পদ পরিবর্তন হল —  
(ক) ন্যায়িক (খ) ন্যায়াধিশ  
(গ) ন্যায়পরায়ণ (ঘ) ন্যায্য
- ৭। ভারতবর্ষের উত্তরভাগে হিমালয় পর্বত অবস্থিত। - 'পর্বত' শব্দের পদ পরিবর্তন হল —  
(ক) পার্বতী (খ) পার্বত্য  
(গ) পাহাড় (ঘ) কোনটি নয়
- ৮। আজ আমার মন বেশ ভাল আছে। - 'মন' শব্দের পদ পরিবর্তন কি হবে?  
(ক) মানসিক (খ) মানবিক  
(গ) মান্য (ঘ) কোনটি নয়
- ৯। হীরে একটি অত্যন্ত মূল্যবান ধাতু। - 'ধাতু' শব্দের পদ পরিবর্তন হল —  
(ক) ধাত্রী (খ) ধাতা  
(গ) ধাতবীয় (ঘ) ধাতব
- ১০। আজ আমার দাঁতটা বেশ ব্যাথা করছে। - 'দাঁত' শব্দের পদ পরিবর্তন কি হবে?  
(ক) দাঁতাল (খ) দাঁতা  
(গ) দেঁতো (ঘ) কোনটি নয়

- ১১। রাজা দরিদ্রকে অর্থ দান করলেন। - 'দান' শব্দের পদ পরিবর্তন হল —  
(ক) দানি (খ) দত্ত  
(গ) দানকারী (ঘ) কোনটি নয়
- ১২। 'বিঘ্ন' শব্দের পদ পরিবর্তন হল —  
(ক) বিঘ্নিত (খ) বিঘ্না  
(গ) বিঘ্নময় (ঘ) কোনটি নয়
- ১৩। আমাকে এক গ্লাস জল দাও। - 'জল' শব্দের পদ পরিবর্তন হল —  
(ক) জল্য (খ) জলীয়  
(গ) জলা (ঘ) কোনটি নয়
- ১৪। আমাদের ছোট পরিবার। 'পরিবার' শব্দের পদ পরিবর্তন কি?  
(ক) পরিবারিক (খ) পারিবারিক  
(গ) পরিবার সমূহ (ঘ) কোনটি নয়
- ১৫। 'হেমন্ত' শব্দের পদ পরিবর্তন কি হবে?  
(ক) হেমন্তিকা (খ) হৈমন্তী  
(গ) হৈমন্তিক (ঘ) কোনটি নয়

Amit Kundu

\*\*\*\*\*